



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/প্রশা/৬৮-২/০৭

তারিখঃ ০৫/০১/২০১৭ খ্রি.


মোবাইল ব্যাংকিং হিসাব খোলা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে সম্মানিত শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরবর্তী সকল পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণ, পুনঃ নিরীক্ষণ, ভিজিলেন্স, সেটার ও মডারেশন সংক্রান্ত পারিশ্রমিক বিল ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে। এ বিষয়ে বোর্ড কর্তৃপক্ষের সাথে ডিবিবিএল কর্তৃপক্ষের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। দ্রুত সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সম্পূর্ণ বিনা খরচে ডিবিবিএল মোবাইল ব্যাংকিং কর্তৃপক্ষ সকল শিক্ষকের ATM FREE SALARY ACCOUNT খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ প্রক্রিয়ায় মোবাইল ম্যাসেজের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ের অর্থ প্রাপ্তির সংবাদ, ডাচ বাংলা ব্যাংক এটিএম বুথ থেকে বিনা খরচে এবং ডাচ বাংলা ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে পচিশ হাজার টাকা পর্যন্ত মাত্র দশ টাকা চার্জ দিয়ে সম্মানীর অর্থ উত্তোলন করা যাবে। ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সেন্টার থেকে ০.৯% চার্জ দিয়ে যে কোন পরিমানের অর্থ উত্তোলন করা যাবে। হিসাব খোলার সময় প্রত্যেকের এক কপি পাসপোর্ট সাইজের ছবি, এক কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও নির্ধারিত ফরমে স্ব-স্ব তথ্যাদি প্রদান করতে হবে। কেবলমাত্র ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং কর্তৃক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের নিকট তথ্যাদি প্রদান করতে হবে। দ্রুত ও বিশ্বস্ততার মাধ্যমে সেবা প্রাপ্তির লক্ষ্যে অত্র বোর্ডের অওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে সম্মানিত অধ্যক্ষ, প্রধান শিক্ষক ও শিক্ষকগণের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

প্রয়োজনে :

ডাচ বাংলা ব্যাংক : ০১৯১১-৭৭০২২০

বরিশাল বোর্ড : ০১৭১৬-৯৫০৬৯৭



প্রফেসর বিপ্লব কুমার ভট্টাচার্য্য

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

ফোন : ০৪৩১-৬৪৪১৭